

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৪১৬

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯

১০ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

ঝিনাইদহ সদর উপজেলায় ০৩ টি প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে ঝিনাইদহ শহরের ব্যাপারী পাড়া এলাকায় বাজার তদারকি করা হয়। এসময় বিএসটিআই কর্তৃক বিক্রয় নিষিদ্ধ বিভিন্ন স্কিন ক্রিম বিক্রয়ের অপরাধে আশিক এন্টারপ্রাইজ কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ও বিসমিল্লাহ স্টোর কে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে মিষ্টি প্রস্তুত ও সংরক্ষণ করার অপরাধে সোমা মিষ্টান্ন ভান্ডার কে ১০০০/- (এক হাজার) টাকাসহ মোট ১১০০০/- (এগারো হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। এছাড়া, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৯ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব নারায়ন চন্দ্র বিশ্বাস, উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এবং জনাব মো: উসাইদ হসাইন সুরুজ, নমুনা সংগ্রহ সহকারী, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১০-১১-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।

- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক,, ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।